



ত্রিপুরা নগর পরিকল্পনা এবং উন্নয়ন কর্তৃপক্ষ (টুডা)

Tripura Urban Planning and Development Authority (TUDA)

(নগরোন্নয়ন দপ্তর)

ইউডি ভবন, শকুন্তলা রোড, রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সন্নিকটে, আগরতলা,

ত্রিপুরা (পঃ), পিন কোড : ৭৯৯০০১

ইমেইল - tuda.trp@gmail.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা আগরতলা আখাউড়া রোডের গোলচক্রে ইউডব্লুএস(EWS)/এলআইজি(LIG) পরিবারের জন্য “লাইট হাউস” প্রকল্পে ফ্ল্যাট বুক করার জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। বিস্তারিত বিবরণ নিম্নরূপ :

ক্যাটাগরি (বিভাগ)	ফ্ল্যাটের দাম	ফ্ল্যাটের সংখ্যা	সরকার প্রদেয় অর্থরাশি	সুবিধাভোগীর প্রদেয় অর্থরাশি
ইডব্লুএস (আর্থিকভাবে দুর্বল শ্রেণী) বার্ষিক আয় ৩ লক্ষ টাকা পর্যন্ত।	১৬.২৫ লক্ষ টাকা	৫৫২ (ব্লক এ,বি,সি,ডি)	১১.২৫ লক্ষ টাকা	৫ লক্ষ টাকা (এককালীন)
এলআইজি (নিম্ন আয় শ্রেণী) বার্ষিক আয় ৩ লক্ষ টাকার উপরে ও ৬ লক্ষ টাকার মধ্যে।	১৬.২৫ লক্ষ টাকা	৪৪৮ (ব্লক ই,এফ,জি)	৯.২৫ লক্ষ টাকা	৭ লক্ষ টাকা (এককালীন)

ইচ্ছুক সুবিধাভোগীরা নিচে দেওয়া ঠিকানায় আবেদন করতে পারেন

কমিশনার, টুডা

৫ ম ফ্লোর, ইউ. ডি ভবন, শকুন্তলা রোড

রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সন্নিকটে, আগরতলা - ৭৯৯০০১

এখানে উল্লেখ্য লাইট হাউস প্রকল্পে মোট ১০০০টি ফ্ল্যাট তৈরি হবে। ৭টি ব্লকিং টাওয়ার থাকবে। প্রতিটি ফ্ল্যাটের কাপেট এরিয়া হবে ৩২০ বর্গফুট। ফ্ল্যাট তৈরি হওয়ার সম্ভাব্য সময়কাল সেপ্টেম্বর, ২০২২ইং। ফ্ল্যাটগুলি তৈরি হচ্ছে নিউজিল্যান্ডের প্রযুক্তি ব্যবহার করে, যা অবশ্যই ভূমিকম্প নিরোধক হবে।

আবেদনকারীকে ত্রিপুরা রাজ্যের যে কোনও নগর সংস্থার অধীনস্থ এলাকায় বসবাসকারী হতে হবে। ২০.০৯.২০২১ ইং তারিখ পর্যন্ত বুকিংয়ের আবেদনপত্র জমা দেওয়া যাবে। আবেদনকারীকে সংশ্লিষ্ট মহকুমা শাসক অফিস থেকে বার্ষিক আয়ের শংসাপত্র, পার্মানেন্ট রেসিডেন্ট সার্টিফিকেট ও আধার কার্ড জমা দিতে হবে। ত্রিপুরা আরবান প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির পক্ষে ৫০০০ টাকার একটি ডিমাণ্ড ড্রাফট (বুকিং ফিস) আবেদনপত্রের সঙ্গে অবশ্যই জমা দিতে হবে। সংশ্লিষ্ট আবেদনকারী যোগ্য বিবেচিত হলে বুকিং ফিস ৫০০০ টাকা ফেরতযোগ্য হবে না।

বিঃদ্রঃ - যে সমস্ত বেনিফিসিয়ারি PMAY(Urban) প্রকল্পে ইতিপূর্বে ঘর পেয়েছেন তারা এই প্রকল্পে আবেদন করতে পারবেন না। Application Form টুডার website - এ দেওয়া আছে।

(website : tuda.tripura.ind.in)

আবেদনপত্র জমা দেওয়ার স্থান : স্ব স্ব এলাকার স্থানীয় পুর পরিষদ / পৌরসভা / নগর পঞ্চায়েত অফিস।

ICA-D-609/21

স্বাঃ অস্পষ্ট